গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ অধিশাখা-৫
www.shed.gov.bd

নম্বর-৩৭.০০.০০০০.০৬৯.১৫.০৫৮.১৬-১৩২

তারিখ: ২৯ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: জাতীয়করণকৃত পাংশা কলেজ, পাংশা, রাজবাড়ী এর পদ সৃজন ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে রাজবাড়ী জেলার পাংশা সরকারি কলেজ-এর ০১(একটি) টি শিক্ষকের পদ সরকারিকরণের তারিখ (০৮-১০-২০১৫ খ্রি.) হতে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

| ক্রমিক | পদের নাম ও সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১. | প্রভাষক:<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-০১ টি | টাকা: ২২০০০-৫৩০৬০/-<br>(৯ম গ্রেড) | বাংলাদেশ সিভিল সার্ভিস রিক্রুটমেন্ট রুল্‌স ১৯৮১ এর সংশ্লিষ্ট ক্যাডার নিয়োগবিধি দ্বারা পদ পূরণযোগ্য। |

২. উপর্যুক্ত পদের ব্যয়ভার শিক্ষা মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট বরাদ্দের কোড নং-৩-২৫৩৭-০০০০-৪৫০১/৪৬০১/৪৭০০ খাত হতে বহন করা হবে।

৩. ক্যাডার পদ স্থায়ীভাবে সৃজিত হবে এবং অস্থায়ী পদ আদেশ জারির/জাতীয়করণের তারিখ হতে পরবর্তী ৩১ মে পর্যন্ত সৃজিত হবে;

৪. পদ সৃজন, সংরক্ষণ ও স্থায়ীকরণ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ০৯/১২/২০১০ খ্রি. তারিখের স্মারক নং ০৪.২২১.০২২.০০.০০.০২০.২০১০-৮২ ও ০৩-০৫-২০০৩ খ্রি. তারিখের স্মারক নং মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০৩/২০১৪ খ্রি. তারিখের পরিপত্র নং ০৫.১৫২.০১৫.০২.০০.১৭.২০১২-৬৮ এর নির্দেশনাবলী অনুসরণ করা হবে।

৫. অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত সংশ্লিষ্ট পদের বেতনস্কেল/সেবামূল্য অনুসরণ করা হবে;

৬. ক)মন্ত্রনালয় ও বিভাগের সকল পদ খ) ক্যাডার পদ এবং গ) অধিদপ্তর, পরিদপ্তর দপ্তর, সংবিধিবদ্ধ সংস্থা ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্টানের গ্রেড-৩ ও তদুর্ধ সকল পদ সৃজনের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ করা হবে। অন্যান্য সকল পদ সৃজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ করা হবে;

৭. প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক যাবতীয় আনুষ্ঠানিকতা পালনপূর্বক স্থায়ী পদ সৃজনের তিন কপি জিও জারি করে জারিকৃত জিও তে অর্থ বিভাগের পৃষ্ঠাংকন গ্রহণ করা হবে;

৮. মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডইতে নতুন সৃজিত পদগুলি স্থায়ী/অস্থায়ী হিসেবে অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেট করা হবে;

৯. অস্থায়ী পদ সৃজনের মেয়াদ শেষ হবার পরদিন অর্থাৎ ০১ জুন হতে পরবর্তী ৩১ মে পর্যন্ত হিসেবে মোট ০৩ বছর পর্যন্ত প্রশাসনিক মন্ত্রণালয় নিজেই পদ সংরক্ষণের জিও জারি করতে পারবে (বছর ভিত্তিক অথবা একবারে তিন বছর পর্যন্ত) ৪র্থ বছর হতে পদ সংরক্ষণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করা হবে;

১০. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আরোপিত সকল শর্ত পালন করা হবে।

১১. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০-০৫-২০১৭ খ্রিষ্টাব্দ তারিখের নং-০৫.০০.০০০০.১৫৫.১৫.০৩৬.১৬-৬ স্মারক, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ৩০-০৮-২০১৮ খ্রিষ্টাব্দ তারিখের নং-০৭.০০.০০০০.১৫৩.০১৫.০৬.১৮-৩৭১

স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১১-০৯-২০১৮ খ্রিষ্টাব্দ তারিখের নং-০৭.০০.০০০০.১৬২.৩৭.০০৫.২০১৭-১৩৫ স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা) ০১-১১-২০১৮ খ্রিষ্টাব্দ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১৬.১৮-৫৩৬নং স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

১৩/১১/১৮
(মোহাম্মদ রাশেদুল ইসলাম)
উপসচিব
ফোন-৯৫৪৬০৫৬

নম্বর-৩৭.০০.০০০০.০৬৯.১৫.০৫৮.১৬-১৩২

তারিখ: ২৯ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ / ১৩ নভেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

অতিরিক্ত সচিব (ব্যঃ নিঃ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর নিকট ০৩(তিন) কপি প্রেরণ করা হলো। ০১(এক) কপি পৃষ্ঠাংকন করে শিক্ষা মন্ত্রণালয়-এর প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫, পুরানা পল্টন, ঢাকা এবং ০১(এক) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ রাশেদুল ইসলাম)
উপসচিব

নম্বর-০৭.০০.০০০০.১৫৬.০১৫.০৫.১৮-৪৯৯

তারিখ: ২৫/১১/১৮

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১.প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫,পুরানা পল্টন, ঢাকা।
২.উপসচিব (সরকারি কলেজ শাখা: ০৫), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।

২৫/১১/১৮
যুগ্ম সচিব
(ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৩)
অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়

নম্বর-৩৭.০০.০০০০.০৬৯.১৫.০৫৮.১৬-১৩২

তারিখ: ২৯ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ / ১৩ নভেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, সওব্য, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫। উপসচিব (সরকারি কলেজ-০১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬। উপসচিব (সরকারি কলেজ-০২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭। অধ্যক্ষ, পাংশা সরকারি কলেজ, পাংশা, রাজবাড়ী।
০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা (সরকারি কলেজ),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,..................................

(মোহাম্মদ রাশেদুল ইসলাম)
উপসচিব